গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০২৮.২২-৪৯১

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩১
১৭ এপ্রিল ২০২৪

বিষয়: লালমনিরহাট পৌরসভার Sanitary Landfill (SLF) এর সাইট বর্ধিতকরণের জন্য পৌরসভার নিজস্ব অর্থায়নে ব্যক্তিমালিকাধীন ভূমি ক্রয়ের অনুমতি প্রদান।

সূত্র: লালমনিরহাট পৌরসভা হতে প্রাপ্ত পত্র নং-৮৭, তারিখ: ১৪ মার্চ ২০২৪খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে লালমনিরহাট পৌরসভার বিদ্যমান Sanitary Landfill (SLF) এর সাইট বর্ধিতকরণের জন্য পৌরসভার নিজস্ব অর্থায়নে ব্যক্তি মালিকানাধীন নিম্ন তফসীলভূক্ত ২.৮৩ একর ভূমি ক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। প্রস্তাবটি বিবেচনার সুবিধার্থে নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজনঃ

(ক) প্রস্তাবিত ভূমির তফসীল, মালিকানা, বর্তমান ব্যবহার, সরকারি মৌজামূল্য ও বাজারমূল্য;
(খ) জমি ক্রয়ের ব্যয় কিভাবে নির্বাহ করা হবে এ সংক্রান্ত পৌর পরিষদের সিদ্ধান্ত;
(গ) বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) হতে ঋণ গ্রহণ করা হয়েছে কিনা; থাকলে গৃহীত ঋণের বিপরীতে নিয়মিত কিস্তি পরিশোধ করা হয়েছে কিনা (প্রমাণকসহ তথ্য);
(ঘ) প্রস্তাবিত ভূমিতে Sanitary Landfill (SLF) নির্মাণের উপযোগী হবে কিনা; এবং
(ঙ) প্রস্তাবিত ভূমিতে Sanitary Landfill (SLF) নির্মাণ করা হলে পরিবেশগত প্রভাব পড়বে কিনা।

২। এমতাবস্থায়, উল্লিখিত তথ্যসহ সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭/০৪/২০২৪
মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

উপপরিচালক, স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
লালমনিরহাট।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মেয়র, লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. অফিস কপি।